গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ঝড় সতর্কীকরণ কেন্দ্র
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭।

ফোন : ৪৮১২২৪৯৬, ৪৮১১৯৮৮১
ফ্যাক্স : ৪৮১১৩৩৩৩, ৯১০৩৯০৮
ই-মেইল : info@bmd.gov.bd
swc@bmd.gov.bd
ওয়েব সাইট: www.bmd.gov.bd

নথি নংঃ ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. ৯৮৭

তারিখঃ ০৭.০৫.২০২১খ্রিঃ

বিষয়ঃ মে - জুলাই ২০২১ খ্রিঃ এর আবহাওয়ার পূর্বাভাস।

General Condition (সাধারণ অবস্থা):

১। গত জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ ও এপ্রিল ২০২১ মাসে Southern Oscillation Index এর মান ছিল যথাক্রমে +১৬.৫, +১১.৫, -০.৩ ও +২.০ (Bureau of Meteorology, Australia)।

২। এপ্রিল ২০২১ খ্রিঃ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-৭৯.০%) বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমা ও পূবালী লঘুচাপের প্রভাব কম থাকায় স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমা লঘুচাপের সাথে পূবালী বায়ু প্রবাহের সংযোগ এবং বায়ুমন্ডলের নিম্নস্তরে জলীয় বাষ্পের যোগান বৃদ্ধি পাওয়ায় ০৪, ০৮, ১৬, ২১ ও ৩০ এপ্রিল সময়ে দমকা/ঝড়ো হাওয়া এবং বিজলী চমকানোসহ সিলেট, চট্টগ্রাম, ঢাকা, রাজশাহী ও রংপুর বিভাগে বৃষ্টি/বজ্রবৃষ্টি হয়। এ সময় বাতাসের সর্বোচ্চ গতিবেগ ৮৩ কিঃ মিঃ /ঘন্টা ঢাকায় (২১ এপ্রিল ২০২১) রেকর্ড করা হয়। পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় ২০ ও ২৫ এপ্রিল তারিখে রাজশাহী, যশোর ও কুষ্টিয়া অঞ্চলে তীব্র তাপ প্রবাহসহ ০১-০৪, ১০-১৬, ১৯-২১, ২৩-৩০ এপ্রিল সময়ে খুলনা, বরিশাল, চট্টগ্রাম, সিলেট, ঢাকা, রংপুর, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগের অনেক স্থানে মৃদু থেকে মাঝারি ধরণের তাপ প্রবাহ (৩৬-৪০° সেঃ) বয়ে যায়। এ সময় দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪১.২° সেঃ যশোরে (২৫ এপ্রিল ২০২১) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা ১.৭° সেঃ এবং ০.২°সেঃ বেশি ছিল। তাপ প্রবাহ, কালবৈশাখি ঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা এপ্রিল ২০২১ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩। প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমণ্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, IRI, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল নিনো/লা নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক কমিটি **কর্তৃক মে - জুলাই ২০২১ খ্রিঃ** এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলোঃ

বিভাগ	মে ২০২১ খ্রিঃ		জুন ২০২১ খ্রিঃ		জুলাই ২০২১ খ্রিঃ		মে ২০২১ খ্রিঃ মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০সেঃমিঃ পর্যন্ত)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃ মিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাত (মিঃ মিঃ)	
ঢাকা	২৯২	২৬৫-৩০৫	৩৫৬	৩৪০-৩৭৫	৩৬৮	৩৩০-৪০৫	৪৫-৫৫
ময়মনসিংহ	৩৮০	৩৪০-৪০০	৪৩২	৪১০-৪৫০	৪২৭	৩৮৫-৪৭০	৫০-৬০
চট্টগ্রাম	৩১০	২৮০-৩২৫	৫৮৯	৫৩০-৬৪৫	৭২০	৬৫০-৭৯০	৪৫-৫৫
সিলেট	৫১০	৪৬০-৫৩৫	৬৩৪	৫৬০-৬২০	৫৭৯	৫২০-৬৩৫	৫০-৬০
রাজশাহী	১৯৬	১৭৫-২০৫	৩০৫	২৯০-৩২০	৩৬২	৩২৫-৪০০	৪০-৫০
রংপুর	২৬১	২৩৫-২৭৫	৩৮৯	৩৭০-৪১০	৪২৭	৩৮৫-৪৭০	৪০-৫০
খুলনা	১৭৫	১৬০-১৮৫	২৯৬	২৮০-৩১০	৩৩৯	৩০৫-৩৭৫	৪৫-৫৫
বরিশাল	২৬০	২৩৫-২৭৫	৪৮৩	৪৬০-৫১০	৫১৯	৪৬৫-৫৭০	৪৫-৫৫

(ক) মে ২০২১ খ্রিঃ

১. মে মাসে দেশে স্বাভাবিক অপেক্ষা কিছুটা কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি নিম্নচাপ সৃষ্টি হতে পারে। এর মধ্যে একটি ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।
৩. এ মাসে দেশের উত্তর ও মধ্যাঞ্চলে ২-৩ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ মাঝারি/তীব্র কালবৈশাখি ঝড় ও দেশের অন্যত্র ৫-৭ দিন বজ্র ও শিলাবৃষ্টিসহ হালকা/ মাঝারি ধরণের কালবৈশাখি ঝড় হতে পারে।
৪. মে মাসে দেশের পশ্চিমাঞ্চলে ০১ (এক) টি তীব্র তাপ প্রবাহ (>৪০° সেঃ) এবং সারাদেশে ১-২ টি মৃদু (৩৬-৩৮°সেঃ) থেকে মাঝারী (৩৮-৪০° সেঃ) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।
৫. **নদ-নদীর অবস্থাঃ** মে মাসে দেশের উত্তরাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলের কতিপয় স্থানে ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে স্বল্পমেয়াদী আকস্মিক বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।
৬. **কৃষি আবহাওয়াঃ** এ মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৪.২৫- ৫.২৫ মিঃ মিঃ এবং গড় উজ্জ্বল সূর্য কিরণকাল ৬.৫ - ৭.৫ ঘন্টা থাকতে পারে।

(খ) জুন ২০২১ খ্রিঃ

১. জুন মাসের প্রথমার্ধে সারাদেশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষাকাল) বিস্তার লাভ করতে পারে।
২. জুন মাসে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে।
৩. জুন মাসে বঙ্গোপসাগরে ১-২ টি মৌসুমী নিম্নচাপ সৃষ্টি হতে পারে।

(গ) জুলাই ২০২১ খ্রিঃ

১. জুলাই মাসে বাংলাদেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. জুলাই মাসে বঙ্গোপসাগরে ১-২ টি মৌসুমী লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে অন্ততঃ ১ (এক) টি নিম্নচাপে পরিণত হতে পারে।

০৭/০৫/২০২১

(সামছুদ্দিন আহমেদ)
পরিচালক
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ফোন: ৪৮১১২৪৫৬ (অফিস)

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯১২৩৬১৬।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ৯৫৬৬৫৫৯।
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্সঃ ৯১৪৩৩৭৭, ৯৫১৫১৫৬।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭০১০০।
৫. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৬. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯১৪৪৮১৯।
৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
৮. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ফ্যাক্সঃ ৯৫৪০৪০০, ৯৫৭৩৮০৫।
৯. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।
১০. সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪০২১৩।